গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

বিষয় ঃ উপজেলা পরিষদের সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ ছালেহা বেগম, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভার তারিখ ঃ ২৩ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ।

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভাপতির অনুমতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

সভায় শুরুতে অত্র উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা ডাঃ মোঃ আব্দুর রহিম মহোদয়ের দ্রুত সুস্থতা কামনায় দোয়া করা হয়।

মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-৫ ও উপজেলা পরিষদের সম্মানিত উপদেষ্টা জনাব মুহিবুর রহমান মানিক মহোদয় নির্বাহী প্রকৌশলী, সুনামগঞ্জ ও দোয়ারাবাজার উপজেলা পরিষদের সম্মানিত ভাইস-চেয়ারম্যানদ্বয়, সকল ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণ, সংরক্ষিত মহিলা সদস্যগণ এবং উপজেলা নির্বাহী অফিসার ও বিভাগীয় কর্মকর্তাগণসহ উপস্থিত সবাইকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

তিনি আরো বলেন করোনা ভাইরাস এ শতাব্দীর মারাত্মক মহামারী। এ করোনা ভাইরাস আক্রান্ত হয়ে অত্র উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা ডাঃ মোঃ আব্দুর রহিম মহোদয় ইতিমধ্যে এজিএম ওসমানী মেডিক্যাল কলেজ ও হাসপাতালে সিসিইউতে ভর্তি হয়েছেন। তিনি দ্রুত সুস্থ হয়ে আমাদের মাঝে ফিরবেন এই আশাবাদ ব্যক্ত করেন।

এরপর বিভাগওয়ারী নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | **ক)** উপজেলা উপ-সহকারী প্রকৌশলী, দোয়ারাবাজার জানান যে, ২০২১- ২০২২ অর্থ বছরে এডিপির ১ম কিস্তি ২৯.০১ লক্ষ টাকা পাওয়া গেছে, ৪ কিস্তিতে মোট ১১৬.০৪ পাওয়া যাবে মর্মে তিনি উল্লেখ করেন। উক্ত টাকার প্রকল্প গ্রহণ করার অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে ৪০,০০,০০০/- টাকা স্থানান্তর করা হয়েছে মর্মে তিনি সভায় জানান। | **ক)** এডিপি এবং উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে প্রকল্প আগামী সভায় গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার সুনামগঞ্জ। |
| | | **খ)** দোহালিয়া ইউপি চেয়ারম্যান বলেন, ছাতক-সুনামগঞ্জ রাস্তার রাজনপুর নামক স্থানে বন্যায় রাস্তা ভেঙ্গে গর্ত সৃষ্টি হয়েছে। উক্ত স্থানে কিছু কাজ করা হলেও তা পর্যাপ্ত নয়। তিনি রাস্তার গর্ত ভরাটসহ পাকাকরণের অনুরোধ জানান।<br>মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন ছাতক-সুনামগঞ্জ রাস্তাটি অত্যান্ত গুরুত্বপূর্ণ রাস্তা। তাই রাস্তাটি দ্রুত মেরামত করা হবে মর্মে তিনি জানান। | **খ)** ছাতক-সুনামগঞ্জ রাস্তার রাজনপুর নামক স্থানের রাস্তার গর্ত ভরাটসহ পাকাকরণের প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | |
| | | **গ)** উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর বাসভবনের কিছু ফার্নিচার ক্রয় করা প্রয়োজন, তাই ফার্নিচার ক্রয়ে বরাদ্দ প্রদান করার অনুরোধ জানান।<br>**ঘ)** ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ কার্যালয়ের কম্পিউটার এবং | গ-ঘ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার এর বাসভবনের ফার্নিচার ক্রয় এবং উপজেলা পরিষদ কার্যালয়ের নতুন কম্পিউটার এবং প্রজেক্টর ক্রয়ে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে (১.০০+১.৬০)=২.৬০ লক্ষ টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয় এবং কোটেশনের মাধ্যমে কাজ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | প্রজেক্টর ক্রয় করা প্রয়োজন। তিনি নতুন কম্পিউটার ও প্রজেক্টর ক্রয়ে বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। | | |
| ০২ | ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা | ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। ২০২১-২২ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) ১ম পর্যায়ে নগদ টাকা ৩৩,৩৬,২২৯.৯৫ টাকা, ৭০.৫৯৩৬ মেঃ টন চাল এবং ৭০.৫৯৩৬ মেঃ টন গম এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) ১ম পর্যায় ১৭,৮৩,৭৯৬.০৭/- টাকা বরাদ্দ পাওয়া গেছে মর্মে তিনি উল্লেখ করেন।<br>খ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন মুজিব বর্ষে গৃহহীনদের গৃহ প্রদান অনুষ্ঠান সারা দেশের ন্যায় এ উপজেলায়ও অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে গৃহহীনদের মধ্যে গৃহ প্রদান করেন। অনুষ্ঠানে নাস্তা, ব্যানার ও অন্যান্য আনুসাঙ্গিকসহ মোট ৩১,৫০০/- টাকা ব্যয় হয়। উক্ত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের অনুরোধ জানান। | গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা সাধারণ) ১ম পর্যায় এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) ১ম পর্যায়ে বরাদ্দের বিপরীতে প্রকল্প আগামী সভায় উপস্থাপন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।<br>খ) মুজিব বর্ষে গৃহহীনদের গৃহ প্রদান অনুষ্ঠানে নাস্তা, ব্যানার ও অন্যান্য আনুসাঙ্গিকসহ মোট ৩১,৫০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৩ | বিবিধ | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন ২০২১-২২ অর্থ বছরের আগস্ট/২১ মাসে মোট ৭ দিন সরকারী কাজে ও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান।<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ব২০২১-২২ অর্থ বছরের আগস্ট/২১ মাসে মোট ০৬ দিন সরকারী কাজে ও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান।<br>মহিলা ভাইস চেয়ারম্যান, ২০২১-২২ অর্থ বছরের আগস্ট/২১ মাসে মোট ০৬ দিন সরকারী কাজে ও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান।<br>খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ আগস্ট/২১ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং মাসিক সাধারণ সভায় আপ্যায়ন ২৭,০০০/- টাকার ৭.৫% ভ্যাট ২,০২৫/- টাকা ও ২% আয়কর ৫৪০/- টাকাসহ মোট ২৯,৫৬৫/- (উনত্রিশ হাজার পাঁচশত পয়ষট্টি) টাকা এবং অফিস সামগ্রী, ফটোকপি, পত্রিকা বিল ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ৪,৫১০/- টাকার ৫% ভ্যাট ২২৬/- টাকা ও ২% আয়কর ৯০/- টাকাসহ মোট ৪,৮২৬/- (চার হাজার আটশত ছাব্বিশ) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান।<br>গ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর বাসভবনে একটি ফ্যান ক্রয় এবং ৭টি এলইডি লাইট ক্রয় করা হয়। এতে ৫,০৪০/- টাকা ভ্যাট ও | ক) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) উপজেলা আগস্ট/২১ মাসের আপ্যায়ন এবং অফিস সামগ্রী, ফটোকপি, পত্রিকা বিল ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার এর বাসভবনে একটি ফ্যান ক্রয় এবং ৭টি এলইডি লাইট ক্রয়ে ভ্যাট ও | চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার সুনামগঞ্জ |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩ | বিবিধ | আয়করসহ মোট ৫,৩৯৩/- টাকা ব্যয় হয়। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান। | আয়করসহ মোট ৫,৩৯৩/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

29/9/21

( ছালেহা বেগম )
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা।

স্মারক নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.০৭.০০৫.২০-১১৮

তারিখ ঃ- ২৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-২২৮, সুনামগঞ্জ-০৫।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৫। জনাব/বেগম .............................................., ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৬। উপজেলা ..................................................অফিসার (সংশিষ্ট বিভাগ), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৭। চেয়ারম্যান, ..............................................ইউনিয়ন পরিষদ (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৮। জনাব.........................................................................................।
৯। উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে কার্যবিবরণীর কপিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
১০। সংরক্ষণ নথি

২৯/০৯/২০২১

(দেবাংশু কুমার সিংহ)
উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
দোয়ারাবাজার উপজেলা পরিষদ।
e-mail : unodowarabazar@mopa.gov.bd
ফোন ঃ ০৮৭২৬-৫৬০০৩
মোবাইল ঃ ০১৭০৯ ৮৮২১০১